

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.২০৭.১৪.০১৩.২৩ (অংশ-৮) : ৬৮৭

তারিখ : ২৮/০৯/২৪

বিষয় : জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের (জেলা অফিস) অফিসসমূহের ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর নির্দেশিকা অনুযায়ী APA প্রণয়ন ও এপিএএমএস সফটওয়্যারে দাখিলের নিমিত্ত প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থার মাঠ পর্যায়ের (জেলা অফিস) অফিসসমূহের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর নির্দেশিকা অনুযায়ী APA প্রণয়ন এবং এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রিকরণ ও চূড়ান্তভাবে দাখিলের বিষয়ে সংস্থার মাঠ পর্যায়ের (APAMS সফটওয়্যারে অন্তর্ভুক্ত) ১৬ টি জেলা অফিস এর আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সরাসরি সম্পৃক্ত ২ জন করে (১ জন কর্মকর্তা ও ১ জন ষাঁটমুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) মোট ৩২ জন কর্মকর্তা/কর্মচারীকে নিয়ে আগামী ২৩/০৯/২০২৪ তারিখ (৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ টা ) ১ (এক) দিনব্যাপী সংস্থার ৭ম তলায় অবস্থিত কম্পিউটার ল্যাব এ প্রশিক্ষণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মিজ তানিয়া খান, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয় উইং) এবং APA টিম লিডার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন সংস্থার নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), জনাব শাহানা সারমিন, জাতীয় মহিলা সংস্থা।

৩। এমতাবস্থায়, নিম্নের বিবরণ অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সরাসরি সম্পৃক্ত ২ জন (১ জন কর্মকর্তা ও ১ জন ষাঁটমুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট জেলার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির হার্ডকপি ও সফটকপি সহ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী যথাসময়ে উক্ত প্রশিক্ষণে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২৪/০৯/২৪

(সায়রা পারভীন)

উপ পরিচালক (উপসচিব)

জাতীয় মহিলা সংস্থা

**বিতরণ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

- ১। মিজ তানিয়া খান, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয় উইং) এবং APA টিম লিডার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ২। উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
- ৩। উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
- ৪। জনাব রাজিবুল হাসান, প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৬। নির্বাহী অফিসার/জেলা কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা -

শেরপুর, খুলনা, নড়াইল, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বাগেরহাট, মেহেরপুর, ঝিনাইদহ, বরিশাল, বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা

(আগামী ২৩/০৯/২০২৪ তারিখ সোমবার প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত থাকার অনুরোধ জানানো হলো) ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। চেয়ারম্যান, ..... জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।
- ১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ২। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
- ৩। অফিস কপি।